

তারিখ: ২৯ এপ্রিল, ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

সৌদিআরবে প্রবাসী বাংলাদেশীদের জরুরি স্বাস্থ্য সেবা প্রদানে ‘প্রবাস বন্ধু কলসেন্টার’ চালু

সৌদিআরবে বসবাসরত ২২ লাখ প্রবাসী বাংলাদেশীদের জরুরি স্বাস্থ্য পরামর্শ প্রদানে চালু করা হয়েছে ‘প্রবাস বন্ধু কল সেন্টার। সৌদিআরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও পররাষ্ট্র মন্ত্রণালয় এর সহযোগিতায় আজ ২৯ এপ্রিল ২০২০ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর এটুআই কর্তৃক যৌথভাবে উদ্বোধন করা হয় প্রবাস বন্ধু কলসেন্টার। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি এর সঞ্চালনায় অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডাঃ এ কে আব্দুল মোমেন, এমপি; প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি এবং সৌদিআরবে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব গোলাম মশি। অনলাইন উদ্বোধনী অনুষ্ঠানে এটুআই-এর চীফ ই-গভর্ন্যান্স স্ট্র্যাটিজিস্ট এবং ডিজিটাল সার্ভিস এক্সিলারেটরের লিড ফোকাল জনাব ফরহাদ জাহিদ শেখ প্রবাস বন্ধু কলসেন্টারের প্রেক্ষাপট, পদ্ধতি ও ভবিষ্যৎ করণীয় বিষয়ক উপস্থাপনা করেন।

করোনাভাইরাস সংক্রমণের সংকটকালীন পরিস্থিতিতে এই কলসেন্টারের মাধ্যমে সৌদিআরবে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের জরুরি স্বাস্থ্য পরামর্শ প্রদান করবেন প্রবাসী বাংলাদেশী ডাক্তারগণ। এর মাধ্যমে সৌদিআরবে অবস্থানকারী যেকোন প্রবাসী একটি হান্টিং নম্বর +৮৮ ০৯৬১১ ৯৯৯ ১১১-এর মাধ্যমে অথবা ইমো নম্বর (ফ্রি) ০১৪০০৬১১৯৯৫, ০১৪০০৬১১৯৯৬, ০১৪০০৬১১৯৯৭, ০১৪০০৬১১৯৯৮, ০১৯৫৮১০৫০২০-এর মাধ্যমে কল করলে সেই কলটি সৌদিআরবে বাংলাদেশি ডাক্তারদের যে পুল রয়েছে তাদের কাছে পৌঁছে দেওয়া হবে। সংশ্লিষ্ট ডাক্তারগণ আগ্রহী সেবাপ্রার্থীকে এর মাধ্যমে সৌদি সময় সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত চিকিৎসা সেবা ও পরামর্শ দিবেন। ইতোমধ্যে ৬৭ জন সৌদি প্রবাসী বাংলাদেশী ডাক্তার এ কলসেন্টারের মাধ্যমে চিকিৎসা পরামর্শ প্রদানের অঙ্গীকার নিয়ে corona.gov.bd-এর মাধ্যমে রেজিস্ট্রেশন করেছেন এবং আরো প্রায় ২৫০ ডাক্তার এই সেবা প্রদানের বিষয়ে আগ্রহ প্রদান করেছেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও সেবা প্রবাসীগণ corona.gov.bd ওয়েবসাইট থেকেও পাবেন।

পররাষ্ট্র মন্ত্রী ডাঃ এ কে আব্দুল মোমেন বলেন, এ প্রক্রিয়াটি বর্তমান পরিস্থিতি বিবেচনায় একটি মহতী উদ্যোগ এবং সৌদি প্রবাসীদের জন্য একটি সমন্বিত সেবা। আমি এ উদ্যোগে সংশ্লিষ্ট ডাক্তারদের সম্মান ও কৃতজ্ঞতা জানাই। সংশ্লিষ্ট সকল সংস্থা ও মন্ত্রণালয়গুলোকে এমন সংকটময় মুহূর্তে সমন্বিত হয়ে এ বিষয়টিকে সফল করার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ মিশনগুলোকে প্রবাসী বাংলাদেশীদের জন্য পরিস্থিতি মোকাবেলায় এটুআই এর সাথে সমন্বয় করে একই রকম স্বাস্থ্য সেবা চালু করার পরামর্শ প্রদান করেন তিনি। তিনি প্রবাসীদের প্রতি আহ্বান জানান, বর্তমান পরিস্থিতিতে আপনারা যে যেখানে অবস্থান করছেন আপাতত সেখানেই থাকুন, তবে বিশেষ প্রয়োজনে মিশনগুলোকে জানালে আমরা আপনারদের পাশে থাকবো। বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন অ্যাগে প্রবাসীদের জন্য ৩৪ ধরনের সেবা চালু করায় আইসিটি বিভাগের প্রশংসা করেন। হটলাইন ৩৩৩ এবং ৯৯৯ ব্যবহারে নিজের ইতিবাচক অভিজ্ঞতা তুলে ধরেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি বলেন, করোনা পরিস্থিতিতে প্রবাসীদের কল্যাণে ইতোমধ্যেই সরকারের পক্ষ থেকে প্রতিটি দূতাবাসে ১০ কোটি টাকার সহায়তা পাঠানো হয়েছে। বর্তমান প্রেক্ষাপটে প্রবাস বন্ধু কলসেন্টার কানেক্টিভিটির মাধ্যমে আমরা প্রবাসীদের জন্য আরো সহযোগী পদক্ষেপ নিতে পারবো। আগামীতে সকল দেশে অবস্থানরত প্রবাসীদের কল্যাণে একই ধরনের উদ্যোগ গ্রহণ করার আশ্বাস প্রদান করেন।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, বিপদেই প্রকৃত বন্ধুর পরিচয়। আর প্রবাসীরা আমাদের অর্থনীতির চালিকা শক্তি। আর তাই তাদের বিপদে আমাদেরই করোনা যুদ্ধের সম্মুখ ভাগের সমরকৌশলী চিকিৎসকরা এগিয়ে এসেছেন। বাংলাদেশ থেকেও ২৫০ জন চিকিৎসক এই সেবায় যুক্ত হতে আগ্রহ প্রকাশ করেছেন। সিআরএম সফটওয়্যারের মাধ্যমে এই কলসেন্টারটি পরিচালিত হচ্ছে।

উল্লেখ্য, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন এটুআই (মন্ত্রিপরিষদ বিভাগ ও ইউএনডিপি এর সহায়তায় পরিচালিত) এর কারিগরি সমন্বয় ও সহযোগিতায় ওয়েজ আনার্স বোর্ডের প্রবাস বন্ধু কলসেন্টারটি চিকিৎসা সেবা ও পরামর্শ প্রদানে পুনঃকার্যকর করা হয়েছে।

অনলাইন উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম, পিএএ; পররাষ্ট্র সচিব জনাব মাসুদ বিন মোমেন; প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সেলিম রেজা; সৌদিআরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের ইকোনোমিক মিনিষ্টার ড. মোহাম্মদ আবুল হাসান; ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ হামিদুর রহমান; এটুআই-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ; এটুআই-এর পলিসি অ্যাডভাইজার জনাব আনীর চৌধুরী; ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের পরিচালক (তথ্য প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা) নূরুন আক্তার এবং দাম্মামে অবস্থিত জন হপকিনস আরামকো হেলথ কেয়ার খোবার এর কিডনি বিশেষজ্ঞ জনাব মনোজ কুমার দত্তসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ ও গণমাধ্যম কর্মীগণ।

প্রয়োজনীয় যোগাযোগ: আদনান ফয়সল, মুঠোফোন: ০১৬১৭ ০৭০০২৪, ইমেইল: adnan.faisal@a2i.gov.bd